**দ্বি-বার্ষিক সাধারণ সভা ২০২৪**
**বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়**
**তারিখ: ০৩ জানুয়ারি ২০২৫, সময়: সকাল ১১.০০টা**
**স্থান: শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র, রাজশাহী বিশ্ববিদ্যালয়**

## কার্যবিবরণী

**নিবন্ধন ও কার্যক্রম:**

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দ্বি-বার্ষিক সাধারণ সভা ও সম্মিলন ০৩ জানুয়ারি ২০২৫ সকাল ১০.০০টা থেকে শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শুরু হয়। সকাল ১০.০০টায় রেজিস্ট্রেশন বুথে স্বাক্ষর ও নিবন্ধন করে প্রায় ১৭০ জন অ্যালামনাস সভায় অংশগ্রহণ করেন। সকালেই সভাস্থল অ্যালামনাসদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে। রেজিস্ট্রেশন বুথ থেকে অ্যালামনাসগণ সাধারণ সভা উপলক্ষ্যে প্রকাশিত সুভ্যেনির ‘মতিহার বাংলা’ ও টোকেন সংগ্রহ করেন। তারা সভা প্রাঙ্গনের রাজশাহী ও ঢাকা বিভাগীয় কমিটির বর্ণিল স্টল পরিদর্শন করেন। রাজশাহী ও ঢাকা বিভাগীয় কমিটির বর্ণিল স্টলে বাংলা বিভাগ অ্যালামনাই ও বিভাগীয় কমিটির বিভিন্ন কার্যক্রমের সুদৃশ্য প্রদর্শনী সবার নজর কাড়ে। ঢাকা বিভাগীয় কমিটির স্টল থেকে উপস্থিত অ্যালামনাসগণ ঢাকা বিভাগ থেকে প্রকাশিত পত্রিকা ‘মায়াবী মতিহার’-এর দ্বিতীয় সংখ্যা ও নতুন বছরের ডেস্ক ক্যালেন্ডার উপহার হিসেবে পেয়ে খুবই আনন্দিত হোন। নিজেদের মধ্যে কুশলাদি বিনিময় ও সকালের নাস্তা শেষে অ্যালামনাসগণ সাধারণ সভায় উপস্থিত হয়। সকালের নাস্তা কার্যনির্বাহী পরিষদের সহ-সাধারণ সম্পাদক এস. এম সাইদুল আম্বিয়া স্পন্সর করেন।

**কার্যকরী অধিবেশন:**

সকাল ১১.০০টায় রুহুল করিম আব্বাসী (তুহিন)-এর সঞ্চালনায় সাধারণ সভা শুরু হয়। সভাপতি, সাধারণ সম্পাদক সহ অতিথিগণ আসন গ্রহণ করেন। গত একবছরে বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যে অ্যালামনাসগণ মৃত্যুবরণ করেছেন তাঁদের জন্য শোক প্রস্তাব এবং জুলাই বিপ্লবে শহিদদের স্মরণ করে একমিনিট নীরবতা পালন করা হয় এবং শোক প্রস্তাব গ্রহণ করা হয়। সাধারণ সম্পাদক ড. শহীদ ইকবাল একবছরের কার্যক্রমের প্রতিবেদন ও কোষাধ্যক্ষ ব্রাইনির ইসলাম একবছরের আর্থিক প্রতিবেদন সভায় পেশ করেন। সভায় পঞ্চম দ্বি-বার্ষিক সাধারণ সভা ও সম্মিলন উৎসব নিয়ে আলোচনা হয় ও দেশের সার্বিক পরিস্থিতি উৎসব আয়োজনের অনুকূলে কি না তা নিয়ে আলোচনা হয়। বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতির প্রস্তাব অনুযায়ী ‘ বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল’ শীর্ষক স্বতন্ত্র তহবিল গঠন নিয়ে আলোচনা হয়। আলোচনায় বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সভাপতি আপেল আবদুল্লাহ, কার্যনির্বাহী পরিষদের সদস্য বকুল মাহবুব ও মোহাম্মদ মাহবুব আলম সহ অনেকেই মতামত ব্যক্ত করেন।

বাংলা বিভাগের অধ্যাপক ড. মানিকুল ইসলাম সহ আরও বেশ কয়েকজন অ্যালামনাস অ্যালামনাইয়ের কার্যত্রম আরও জোরদার করার বিষয়ে আলোচনা করেন। পরে বিভাগের বর্তমান শিক্ষার্থীদের মধ্যে মেধাবৃত্তি প্রদান করা হয়। আন্ত:বিভাগ ফুটবল প্রতিযোগিতায় রানারআপ দল বাংলা বিভাগ ফুটবল দলের খেলোয়াড়, কোচ, ক্রীড়া উপদেষ্টা সহ ২১ জনকে সংবর্ধনা প্রদান করা হয়।

সাধারণ সভার বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্তবলি গ্রহণ করা হয়:

### সিদ্ধান্তসমূহ:

১. জুলাই বিপ্লবে সকল শহিদ এবং গত একবছরে বাংলা বিভাগ অ্যালামনাইয়ের যেসব সদস্য মৃত্যুবরণ করেছেন তাঁদের জন্য শোক প্রস্তাব গৃহীত হয়।
২. সাধারণ সম্পাদক এর একবছরের কার্যক্রম প্রতিবেদন এবং কোষাধ্যক্ষের আর্থিক প্রতিবেদন সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।



যোগাযোগ : +৮৮ ০১৭১৫৩১৯৩৬২, +৮৮ ০১৭১১২৬০৩৯০
ই-মেইল : shiqbal70@gmail.com, jraihan1971@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েবসাইট : www.bangladeptalumniru.org

৩. পঞ্চম দ্বি-বার্ষিক সাধারণ সভা ও সম্মিলন উৎসব আয়োজনের জন্য সার্বিক পরিস্থিতি অনুকূলে না থাকায় সংবিধানের ৬ নম্বর অনুচ্ছেদের ঙ এর ২ অনুসরণে উপস্থিত অ্যালামনাসগণের সর্বসম্মতিক্রমে বর্তমান কার্যনির্বাহী পরিষদের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৪. বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের 'বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল' শীর্ষক স্বতন্ত্র তহবিল গঠনে প্রাথমিক সিদ্ধান্ত হয় এবং 'বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল' শীর্ষক স্বতন্ত্র তহবিল গঠন ও পরিচালনার নীতমালা প্রণয়নের জন্য বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সভাপতি জামিল রায়হান, সাধারণ সম্পাদক ড. শহীদ ইকবাল, কোষাধ্যক্ষ ব্রাইনির ইসলাম, প্রতিষ্ঠাতা সভাপতি আপেল আবদুল্লাহ, কার্যনির্বাহী পরিষদের সদস্য বকুল মাহবুব, মোহাম্মদ মাহবুব আলম ও বাংলা বিভগের ৩ জন শিক্ষক (বাংলা বিভগের সভাপতি নির্ধারণ করে দেবেন) নিয়ে ৯ সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটির প্রয়োজনে আরও সদস্য কোঅপ্ট করতে পারবেন। এই কমিটি আগামী ২ মাসের মধ্যে নীতমালা প্রণয়ন করে কার্যনির্বাহী পরিষদের কাছে জমা দেবেন। উপস্থিত অ্যালামনাসগণের মধ্যে বাংলা বিভাগ অ্যালামনাইয়ের কার্যনির্বাহী পরিষদের সদস্য বকুল মাহবুব ও কার্যনির্বাহী পরিষদের সদস্য ঢাকা বিভাগের সাধারণ সম্পাদক মোহাম্মদ মাহবুব আলম 'বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল' শীর্ষক স্বতন্ত্র তহবিল গঠন হলে আর্থিক অনুদান দেওয়ার অগ্রিম প্রতিশ্রুতি দেওয়ায় তাঁদের ধন্যবাদ জানানো হয়।

৫. অ্যালামনাসগণ বাংলা বিভাগ ফুটবল দলকে রাজশাহী বিশ্ববিদ্যালয় আন্ত:বিভাগ ফুটবল টুর্নামেন্টে রানারআপ হওয়ার জন্য অভিনন্দন জানানো হয়। ভবিষতে চ্যাম্পিয়ন দল হিসেবে দেখার আশাবাদ ব্যক্ত করা হয়। ৪৩,৮০০/- (তেতাল্লিশ হাজার আটশত টাকা) ব্যয়ে বাংলা বিভাগ ফুটবল দলের খেলোয়াড়, কোচ, ক্রীড়া উপদেষ্টা সহ ২১ জনকে ব্লেজার উপহার প্রদান করা হয়। রানারআপের গৌরব অর্জন করায় উৎসাহ প্রদানের জন্য বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বর্তমান সভাপতি জামিল রায়হান ও প্রতিষ্ঠাতা সভাপতি আপেল আবদুল্লাহ এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. শহীদ ইকবাল এ ব্যয় যৌথভাবে অনুদান প্রদান করায় তাঁদেরকে অ্যালামনাইয়ের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়।

৬. অ্যালামনাসগণ বাংলা বিভাগের সেমিনার কক্ষে 'অ্যালামনাই কর্নার' স্থাপন করায় বাংলা বিভাগের শিক্ষকদের ধন্যবাদ জানান। অ্যালামনাই কর্নাওে বই ক্রয়ের জন্য জামিল রায়হান, আপেল আবদুল্লাহ, ড. শহীদ ইকবাল, ব্রাইনির ইসলাম, মো. আব্দুল খালেক মিঠু, ড. মো. আজিজুর রহমান দিপু, মো. রবিউল ইসলাম, মোহাম্মদ মাহবুব আলম ও রমেন রায় এক লক্ষ টাকার অনুদান প্রদান করায় ও ৪৬ তম (১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষ) ব্যাচের পক্ষ থেকে একটি সুদৃশ্য সেলফ প্রদান করায় অ্যালামনাইয়ের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া প্রফেসর ড. এ. কে. এম মাসুদ রাজা এবং সহযোগী অধ্যাপক এস. এম. সাইদুল আম্বিয়া বই ক্রয়সহ অ্যালামনাই কর্নার বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখায় অ্যালামনাইয়ের পক্ষ থেকে তাঁদের ধন্যবাদ জানানো হয়। অ্যালামনাই কর্নারে অ্যালামনাসদের লেখা বই প্রদানের জন্য সবার প্রতি আহ্বান জানানো হয়।

**দ্বিতীয় পর্ব ও অ্যালামনাই কর্নার উদ্বোধনঃ**

সাধারণ সভার প্রথম পর্ব শেষে সবাই নামাজ এবং মধ্যাহ্ন ভোজের জন্য গমন করেন। নামাজ এবং মধ্যাহ্ন ভোজের পরে অ্যালামনাসগণ বাংলা বিভাগের সেমিনারে 'অ্যালামনাই কর্নার' উদ্বোধন করেন এবং বিকেলে সবাই মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন ও অনুষ্ঠান শেষে বিকেলের নাস্তা হিসেবে শীতের পিঠার স্বাদ গ্রহণ করে পরবর্তী সম্মিলন উৎসবে অংশগ্রহণের আশাবাদ ব্যক্ত কওে সদস্যগণ যার যার গন্তব্যে ফিরে যান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতির সমাপনী বক্তব্যের মাধ্যমে কার্যকরী অধিবেশনের সমাপ্তি ঘোষণা করেন।

সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**

সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই
**রাজশাহী বিশ্ববিদ্যালয়**



যোগাযোগ : +৮৮ ০১৭১৫৩১৯৩৬২, +৮৮ ০১৭১১২৬০৩৯০
ই-মেইল : shiqbal70@gmail.com, jraihan1971@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েবসাইট : www.bangladeptalumniru.org